



যারা এতদিন গুপ্ত ছিল আজ তারাই জামায়াতকে গুপ্ত বলছে: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ঢাকা-১০ আসনের নির্বাচনী জনসভায় জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেন, যারা দীর্ঘদিন নিজেদের আড়ালে রেখেছিল, তারাই এখন জামায়াতকে ‘গুপ্ত’ বলে মন্তব্য করছে, যা দুঃখজনক।

তিনি নির্বাচন বানচালের যেকোনো চেষ্টা প্রতিহত করতে নেতা-কর্মী ও জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান।

শনিবার সন্ধ্যায় কলাবাগান সরকারি স্টাফ কোয়ার্টার মাঠে আয়োজিত এ সভায় তিনি বলেন, কিছু শক্তি জনমানুষের প্রত্যাশার এই নির্বাচনকে নস্যাৎ করতে চায়। ভবিষ্যৎ সরকার দল বা পরিবারের নয়, বরং দেশের মানুষের সরকার হবে বলেও মন্তব্য করেন তিনি।

এ সময় ২০২৪ সালের আন্দোলনে সংঘটিত হত্যার বিচার, ট্যানারি শিল্পের আধুনিকায়ন এবং বিদেশি প্রভাবের বিষয়ে উদ্বেগের কথাও তুলে ধরেন জামায়াত আমির। সভায় দলের কেন্দ্রীয় ও মহানগর নেতারা বক্তব্য দেন।

LENS ASIA